DEC. 03 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩৭ ... কলাম ... ৪ ...

# সৈয়দপুরে এসএসসি পরীক্ষার ফর(ম) পূরণে অতিরিক্ত অর্থ আদায় হচ্ছে

**সৈয়দপুর প্রতিনিধি :** চলতি বছর এসএসসি পরীক্ষার ফরমপূরণে সৈয়(দপুর)
উপজেলার প্রায় প্রতিটি স্কুলে ছাত্রছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদা(য়ের)
অভিযোগ পাওয়া গেছে।

আগামী বছরের ১৪ মার্চ অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফরমপূরণের ব
চলছে এখন স্কুলগুলোতে। রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বো(র্ডের)
নিয়ম অনুযায়ী এসএসসি পরীক্ষার ফরমপূরণ বাবদ প্রতি বিষয়ে পরীক্ষার ফি
টাকা। সে অনুযায়ী ১০টি বিষয়ে মোট পরীক্ষার ফি ৩৫০ টাকা। মার্কস সার্টিফি(কেট)
ফি ৩০ টাকা, স্কাউট/গার্লগাইডস ফি ১০ টাকা, বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের
প্রতি বিষয়ে ব্যবহারিক পরীক্ষার ফি ২০ টাকা, শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা, আন্তর্জা(তিক)
মাতৃভাষা দিবস ডকুমেন্টেশন পুস্তিকা বাবদ ফি ২০ টাকা, কেন্দ্র ফি ১০০ ট(াকা)
এবং গত পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর জন্য পরীক্ষা ফি ও কেন্দ্র
মাত্র ৬০ টাকা।

উল্লিখিত হিসাব অনুযায়ী প্রতি ছাত্রছাত্রীর এসএসসি পরীক্ষার ফরমপূরণ ব
৭০০-৮০০ টাকা লাগে।

কিন্তু সৈয়দপুর উপজেলার প্রায় প্রতিটি স্কুল বোর্ডের নির্দেশ উপেক্ষা ক
বোর্ডের ফির ৩-৪ গুণ বেশি অর্থ আদায় করে ছাত্রছাত্রীদের ফরমপূরণ করা(চ্ছে)
উপজেলার ২২টি স্কুলে সর্বনিম্ন ২ হাজার থেকে ৫ হাজার টাকা করে আদায়
হচ্ছে ছাত্রছাত্রীদের কাছ থেকে।

কোচিং-এর নামেও বিনা রশিদে মোটা অঙ্কের অর্থ আদায় করা হচ্ছে
ছাত্রছাত্রীদের অভিভাবকরা অভিযোগে জানান। কোচিং-এর জন্য ছাত্রছাত্রীদের ক
থেকে মোটা অঙ্কের অর্থ নেওয়া হলেও অধিকাংশ স্কুলেই ঠিকভাবে কোচিং ক্ল
হয় না।